

যাদবপুর বিশ্ববিদ্যালয়

PROFESSOR SURANJAN DAS

M.A.(Cal), D.Phil (Oxon)

VICE-CHANCELLOR

অধ্যাপক সুরঞ্জন দাস

উপাচার্য

E-mail : vc@jadavpuruniversity.in

E-mail : suranjandas2000@yahoo.co.in



JADAVPUR UNIVERSITY

188, RAJA S.C. MALLIK ROAD

KOLKATA-700 032, INDIA

Phone : +91-33-2414-6000 (O)

Fax : + 91-33-2413-7121 (O)

OFFICE OF THE VICE-CHANCELLOR : AUROBINDO BHAVAN ANNEXE

মাননীয় সম্পাদক সমীপেষু,

সংবাদ প্রতিদিন,

২০, প্রফুল্ল সরকার স্ট্রীট, কলকাতা-৭২

১৪-১০-২০২২

বিষয় : যাদবপুরের সমাবর্তন সংক্রান্ত ত্রুটিপূর্ণ সংবাদের জন্য প্রতিবাদপত্র

মাননীয় সম্পাদক,

গত ১৩ অক্টোবর সংবাদ প্রতিদিনে “যাদবপুরে আগের দু’বছরে উত্তীর্ণদের জন্যও সমাবর্তন” শীর্ষক খবরটি ঠিক ভাবে পরিবেশিত হয়নি। আপনাদের সংবাদপত্রে লেখা হয়েছে, “বিগত দু’বছরে উত্তীর্ণ পড়ুয়াদের জন্যও সমাবর্তন অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত নিল যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।”

আপনাদের জানাচ্ছি, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কোর্টে সিদ্ধান্ত হয়েছে, এ বছর যাদবপুরে বার্ষিক সমাবর্তন হবে শুধুমাত্র ২৪ ডিসেম্বর। ওই দিন চলতি বছরের উত্তীর্ণ পড়ুয়াদেরই ডিগ্রি প্রদান করা হবে। তবে বিগত দু’বছর অতিমারীর কারণে যাদবপুরে সমাবর্তন না হওয়ায় ওই দু’বছরের উত্তীর্ণ ছাত্রছাত্রীরা সশরীরে শংসাপত্র বা ডিগ্রি নিতে পারেননি। তাঁদের অনেকেই সশরীরে ডিগ্রি নিতে চান বলে আবেদন জানিয়েছিলেন। সেই আবেদনের ভিত্তিতে এ বার সমাবর্তনের পরে কোনও এক দিন বিগত দু’বছরের পড়ুয়াদের ডিগ্রি প্রদান অনুষ্ঠান (সমাবর্তন নয়) করা হবে বলে স্থির হয়েছে।

আমার অনুরোধ, আমার এই ব্যাখ্যার ভিত্তিতে আপনাদের খবরের ত্রুটি সংশোধন করে যাদবপুরের সমাবর্তন নিয়ে দ্রুত সঠিক খবর প্রকাশ করবেন।

ধন্যবাদান্তে,

সুরঞ্জন দাস